



১৮৯৯ সালের ২৪শে মে ভারতের বর্ধমান জেলার আসানসোল মহাকুমার জামুরিয়া থানার অন্তর্গত চুরুলিয়া গ্রামের সম্ভ্রান্ত কাজী পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম ছিল ফকির আহমদ। তিন ভাই ও এক বোনের মাঝে তিনি ছিলেন মেজ। চার-টি পুত্রের অকাল মৃত্যুর পর তার জন্ম। সম্ভবত এ কারণে তাকে 'দুখু মিঞা' নামে ডাকা হতো।

১৯১৭ সালে একজন সৈনিক হিসেবে যোগদান করেন। এ সময় তাঁর রচিত প্রথম কবিতা 'মুক্তি' বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকায় প্রকাশিত হয়। ১৯২১ সালে 'মোসলেম ভারত' এর কার্তিক সংখ্যায় তাঁর বিখ্যাত 'বিদ্রোহী' কবিতা মুদ্রিত হয়। ১৯২৩ সনে জেল জীবনে কবি 'শিকল পরার গান', 'সৃষ্টি সুখের উল্লাশে' প্রভৃতি কবিতা রচনা করেন। ১৯২৪ সালে প্রকাশিত হয় কাব্যগ্রন্থ 'বিষের বাঁশি'। ১৯২৬ সালে তিনি রচনা করেন 'কাভারী হুশিয়ার', 'ছাত্রদলের গান' ইত্যাদি।